

অফিস আদেশ

স্থানীয় সরকার পৌরসভার আইন ২০০৯ এর ধারা ৫৫ অনুসারে ৩০/০১/২০২২খ্রিঃ তারিখের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী আড়াই বৎসরের জন্য নিম্নরূপ স্থায়ী কমিটি গঠন করা হল।

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ	মেয়র	সভাপতি
০২	জনাব মোঃ সিদ্দিক হোসেন রিপন	কাউন্সিলর ওয়ার্ড নং ০৮	সদস্য
০৩	জনাব মোঃ শফিকুল ইসলাম (আরিফ)	কাউন্সিলর ওয়ার্ড নং ০১	সদস্য
০৪	বেগম মোছাঃ নাছরিন আক্তার (খ্রিয়া)	কাউন্সিলর সংরক্ষিত আসন -১,২,৩	সদস্য
০৫	বেগম মোছাঃ উম্মে কুলসুম	কাউন্সিলর সংরক্ষিত আসন -৪,৫,৬	সদস্য

কমিটির কার্যপরিধি :


- ১। পৌর এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে পৌর পরিষদসহ পৌরসভার সকল বিভাগকে সক্রিয় করা;
- ২। পৌর এলাকার বিভিন্ন অপরাধ কর্মকাণ্ড, অপরাধীদের ধরণ, অপরাধীদের চিহ্নিতকরণ, অপরাধ প্রতিরোধ এবং অপরাধীদের শ্রেফতারের জন্য পুলিশকে সহযোগিতা করা;
- ৩। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরাখবর রাখা এবং তাহাদের সম্পর্কে পুলিশকে তথ্য সরবরাহ করা;
- ৪। পৌরসভার সম্পদের ক্ষতিসাধন, সম্পদের দখল, অবৈধ ব্যবহার ইত্যাদি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেয়া;
- ৫। পৌরসেবা প্রদান করিতে বাধা দেয়া হবে তাহা প্রতিরোধ করা;
- ৬। পৌর এলাকার সকল প্রকার বিরোধ, দাঙ্গা বা মারাত্মক কলহের সৃষ্টি করিতে পারে বা জনশৃঙ্খলা বিঘ্নিত করিতে পারে এমন আশঙ্কা থাকিলে তাহা প্রতিরোধ করার জন্য উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনে পুলিশের সহায়তা গ্রহণ করা। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করা;
- ৭। অগ্নি নির্বাপন ও প্রতিরোধ, দুর্যোগকালীন সময়ের বেসাময়িক প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ এবং নাগরিক সংহতি বজায় রাখার কাজে পৌর পরিষদসহ সকল বিভাগকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;
- ৮। আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি বিধান ও সুই আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখিতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা;
- ৯। ছোট খাট বিবাদ মীমাংসা জন্য সালিশের ব্যবস্থা গ্রহণ করা;
- ১০। পৌর এলাকার সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসনিক) কে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপট করিতে পারিবে।

অনুপি অবগতি ও কার্যার্থেঃ

১। জনাব-----কাউন্সিলর (সকল) পাকুন্দিয়া পৌরসভা।

২। সচিব, পাকুন্দিয়া পৌরসভা।

৩। সহকারী প্রকৌশলী, পাকুন্দিয়া পৌরসভা।


২২-০২-২০২২
(মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ)

মেয়র
পাকুন্দিয়া পৌরসভা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।